ভোরের কাগজ


তারিখ ... ... ... APR 05 2000
পৃষ্ঠা ২৭ কলাম ৬


42

# রাজশাহীতে কলেজ শিক্ষিকার আত্মহত্যা গ্রেপ্তার ২

রাজশাহী প্রতিনিধি : রাজশাহীর মহানগর কলেজের শিক্ষিকা অনিতা রানীকে (৩৪) আত্মহত্যায় প্রলুব্ধ করার অভিযোগে বোয়ালিয়া থানা পুলিশ গত সোমবার তার প্রেমিকসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।

সোমবার সকালে নগরীর সাগরপাড়ায় অনিতা রানী তার পিতার বাসায় ফ্যানের সঙ্গে গলায় শাড়ি পেঁচিয়ে আত্মহত্যা করেন। ঘটনার পরিপ্রেক্ষিতে অনিতার ভাই পুলিশের কাছে অভিযোগ করেন নগরীর গৌরহাঙ্গা নিবাসী ঠিকাদার নির্মল কর্মকার বিবাহিত হওয়ার পরও বিষয়টি গোপন রেখে অনিতার সঙ্গে প্রেমের অভিনয় করে। দীর্ঘদিন পর অনিতা ঘটনা জানতে পারে এবং রোববার রাতে নির্মল কর্মকারের কাছে প্রতিবাদ করতে যান। এতে ক্ষিপ্ত হয়ে নির্মল ও তার ভগ্নিপতি নারায়ণ রায় অনিতাকে মারধর করে। এতে মনের দুঃখে অনিতা আত্মহত্যা করেন। এ ব্যাপারে বোয়ালিয়া থানায় একটি মামলা হয়েছে।